১) "বাড়ির জন্য ওদের মন কেমন করত "---- ওদের বলতে তাদের কথা বোঝানো হয়েছে? তাদের ঘাঁটি কোথায় ছিল এবং সেই জায়গাটি সম্পর্কে দুইটি লাইন লেখো।

উঃ লীলা মজুমদার রচিত 'বুনোহাঁস' গল্পে ওদের বলতে জোয়ানদের কথা বোঝানো হয়েছে।
লাডাকের একটি বরফে ঢাকা নির্জন জায়গাতে জোয়ানদের ঘাঁটি ছিল।
ক) লাডাক হল ভারতের একটি উচ্চ মালভূমি।
খ) এটি ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল।

২) "তাই বেচারি উড়তে পারছিল না "--- কে উড়তে পারছিল না এবং কেন? জোয়ানরা তাদের কি খেতে দিত?

উঃ উদ্ধৃত লাইনটিতে বেচারি বলতে আহত বুনো হাঁসের কথা বলা হয়েছে।
বুনো হাঁসটি উড়তে পারছিল না কারণ তার ডানা জখম হয়েছিল।
জোয়ানরা তাদের ভাত, তরকারি, টিনের মাছ, ভুট্টা, ফলের কুচি ইত্যাদি খেতে দিত।

জলই জীবন

জলের অপর নাম জীবন। জল ছাড়া আমরা বাঁচতে পারি না। এটি শরীরকে সুস্থ রাখে। জল রান্নার কাজে, জামাকাপড়, বাসনপত্র ধোয়া ইত্যাদির জন্য এমনকি গাছপালা ও পশু পাখির বেঁচে থাকার জন্য জলের প্রয়োজন। তাই জল অপচয় করা উচিত নয়, জল সংরক্ষণ করা দরকার।আমাদের শরীরের প্রায় ৬০ শতাংশ জল দিয়ে তৈরি এবং এটি হজমে সাহায্য করে। কৃষি কাজ, বিদ্যুৎ উৎপাদন ও কলকারখানার কাজেও জল গুরুত্বপূর্ণ। জলকে বাঁচালেই আমাদের জীবন বাঁচবে I তাই "জল বাঁচাও, জীবন বাঁচাও" এই কথাটি আমাদের মনে রাখা উচিত।